www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৪

২৭ মাঘ , ১৪২৬
তারিখ : -----------------------
১০ ফেব্রুয়ারি , ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পুঁজিবাজারে তফসিলি ব্যাংকের নির্দিষ্ট পরিমাণ বিনিয়োগকে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ধারা ২৬ক এর আওতা এবং উক্ত পরিমাণ বিনিয়োগের জন্য একই আইনের ৩৮ ধারার প্রথম তফসিলের আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনার ৪(খ) নং ক্রমিকে বর্ণিত বিষয়বস্তুর পরিপালন হতে সাময়িক সময়ের জন্য অব্যাহতি প্রদান প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২০-৫৪৫ -এর মাধ্যমে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ১২১ ধারায় অর্পিত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত পন্থায় প্রজ্ঞাপন জারির তারিখ হতে পুঁজিবাজারে প্রতিটি তফসিলি ব্যাংকের ২০০.০০ (দুইশত) কোটি টাকা পর্যন্ত বিনিয়োগকে ০৫(পাঁচ) বছরের জন্য একই আইনের ২৬ক ধারায় বর্ণিত পুঁজিবাজারে ব্যাংকসমূহের মোট বিনিয়োগ হিসাবায়নের আওতা বহির্ভূত রাখা হয়েছে। পাশাপাশি উক্ত পরিমাণ বিনিয়োগের জন্য ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৩৮ এর প্রথম তফসিলের আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনার ৪(খ) ক্রমিকে বর্ণিত বছর শেষে বাজার ভিত্তিক পুনঃমূল্যায়ন, প্রযোজ্য ক্ষেত্রে প্রভিশন সংরক্ষণসহ অন্যান্য বিষয়বস্তুর পরিপালন হতেও প্রজ্ঞাপনে নির্দেশিত সময়কালের জন্য সাময়িকভাবে অব্যাহতি প্রদান করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনটির অনুলিপি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্‌সংগে যুক্ত করা হল।

সংযুক্তিঃ ০১(এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন নং : ৯৫৩০০৯৩

# বাংলাদেশ ব্যাংক

## প্রজ্ঞাপন

নং-ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২০-৫৪৫

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬ / ১০ ফেব্রুয়ারি ২০২০

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিল যে, প্রজ্ঞাপনের তারিখ হইতে পুঁজিবাজারে বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত পন্থায় প্রতিটি তফসিলি ব্যাংকের ২০০.০০ (দুইশত) কোটি টাকা পর্যন্ত বিনিয়োগ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ধারা ২৬ক এবং একই আইনের ধারা ৩৮ এর প্রথম তফসিলভুক্ত আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনার ৪(খ) ক্রমিক-এর আওতা বহির্ভুত থাকিবে।

(এস,এম, মনিরুজ্জামান)
ডেপুটি গভর্নর